

## 💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ নাবী (সাঃ)-এর পরিবার (البَيْتُ النَّبُوِيُ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

৫. যায়নাব বিনতে খুযায়মাহ (রাঃ) (রি৯) (غُرُيْتُ خُرُيْتُ خُرُيْتُ):

এ মহিলার সম্পর্ক ছিল বনু হিলাল বিন আমরে বিন সা'সাহ গোত্রের সঙ্গে। মিসকীনদের প্রতি দয়া-দাক্ষিণ্য, দানশীলতা ও সহানুভূতিশীল হওয়ার কারণে তার পদবী হয়েছিল উম্মুল মাসাকীন। তাঁর প্রথম স্বামী ছিলেন আব্দুল্লাহ বিন জাহশ। উহুদ যুদ্ধে তিনি শাহাদত বরণ করেন। অতঃপর চতুর্থ হিজরীতে রাসূলুল্লাহ (ﷺ) তাঁর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন, কিন্তু রাসূলুল্লাহ (ﷺ) এর সঙ্গে মাত্র প্রায় তিন মাস সংসার জীবন যাত্রার পর চতুর্থ হিজরীর রবী'উল আখির মাসে তিনি মৃত্যুবরণ করেন। রাসূলুল্লাহ (ﷺ) তাঁর সালাতে জানাযা পড়ান এবং তাঁকে বাকী' কবরস্থানে সমাহিত করা হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6471

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন